বরিশাল বিশ্ববিদ্যালয়

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং বিইউ/রেজি/নিয়োগ বিজ্ঞপ্তি/১০২/১০২

তারিখ: ২১ আশ্বিন ১৪২৩ বঙ্গাব্দ
০৬ অক্টোবর ২০১৬ খ্রিস্টাব্দ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত বিভিন্ন পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্র. নং	পদ ও বিভাগ	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	**সহকারী অধ্যাপক:** গ্রেড-৬, জাতীয় বেতন স্কেল ২০১৫ **১৭টি স্থায়ী পদ** গণিত বিভাগ (১টি), সমাজবিজ্ঞান বিভাগ (১টি), অর্থনীতি বিভাগ (১টি), লোক প্রশাসন বিভাগ (১টি), একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস (১টি), কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ (১টি), ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ (২টি), আইন বিভাগ (১টি), উদ্ভিদবিজ্ঞান বিভাগ(২টি), পদার্থ বিজ্ঞান বিভাগ (১টি), মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগ (১টি), দর্শন বিভাগ (১টি), কোস্টাল স্টাডিস এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগ (১টি), মার্কেটিং বিভাগ (১টি), রাষ্ট্রবিজ্ঞান বিভাগ (১টি) **৫টি অস্থায়ী পদ (শিক্ষাছুটি জনিত শূন্য পদ):** গণিত বিভাগ(৩টি), লোক প্রশাসন বিভাগ (১টি), মার্কেটিং বিভাগ (১টি) **৩টি অস্থায়ী পদ (অধ্যাপক পদের বিপরীতে):** পদার্থ বিজ্ঞান বিভাগ (১টি), বাংলা বিভাগ (১টি), ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ (১টি) **৫টি অস্থায়ী পদ (সহযোগী অধ্যাপক পদের বিপরীতে):** রাসায়ন বিভাগ (১টি), উদ্ভিদবিজ্ঞান বিভাগ (১টি), কোস্টাল স্টাডিস এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগ (১টি), দর্শন বিভাগ (১টি), ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ (১টি)	**সহকারী অধ্যাপক** পদের জন্য প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয়টিতে ১ম বিভাগ/জিপিএ ৪.০০ (স্কেল: ৫.০০) সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় ন্যূনপক্ষে যেকোন ১টিতে ১ম শ্রেণি থাকতে হবে। তবে সিজিপিএ'র ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় উভয়টিতে ন্যূনপক্ষে ৩.৫০ (স্কেল: ৪.০০) থাকতে হবে। প্রার্থীর বিশ্ববিদ্যালয় পর্যায়ে/ স্বীকৃতমানের গবেষণা প্রতিষ্ঠানে অন্তত ৩(তিন) বছরের শিক্ষকতা/ গবেষণার অভিজ্ঞতা ও স্বীকৃতমানের জার্নাল/ বই-এ কমপক্ষে ১(এক)টি মৌলিক প্রকাশনা থাকতে হবে। **উল্লেখ্য, কোস্টাল স্টাডিস এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগের জন্য ভূ-তত্ত্ব, মৃত্তিকা, পানি ও পরিবেশ, দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা এবং মৎস্যবিজ্ঞান বিষয়ে সনদপ্রাপ্ত উল্লিখিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** অন্যান্য যোগ্যতা সমান থাকলে উচ্চতর ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে উল্লিখিত পদের বিপরীতে প্রভাষক নিয়োগ দেয়া হতে পারে।
২.	**প্রভাষক:** গ্রেড-৯, জাতীয় বেতন স্কেল ২০১৫ **৭টি স্থায়ী পদ** সমাজবিজ্ঞান বিভাগ (১টি), বাংলা বিভাগ (১টি), কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ (২টি), ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ (১টি), দর্শন বিভাগ (১টি), কোস্টাল স্টাডিস এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগ (১টি) **২টি অস্থায়ী পদ (শিক্ষা ছুটি জনিত শূন্য পদ):** পদার্থ বিজ্ঞান বিভাগ (১টি), উদ্ভিদবিজ্ঞান বিভাগ (১টি) **১টি অস্থায়ী পদ (অধ্যাপক পদের বিপরীতে):** গণিত বিভাগ **২টি অস্থায়ী পদ (সহযোগী অধ্যাপক পদের বিপরীতে):** ইংরেজি বিভাগ (১টি), ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ (১টি)	প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয়টিতে জিপিএ ৪.০০ (স্কেল: ৫.০০) সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় ন্যূনপক্ষে যেকোন ১টিতে প্রথম শ্রেণি থাকতে হবে। সিজিপিএ'র ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় উভয়টিতে ন্যূনপক্ষে ৩.৫০ (স্কেল: ৪.০০) থাকতে হবে। তবে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় যে কোন একটিতে ন্যূনপক্ষে সিজিপিএ ৩.৪৫ (স্কেল: ৪.০০) প্রাপ্ত প্রার্থীগণ আবেদন করতে পারবেন। **উল্লেখ্য, কোস্টাল স্টাডিস এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগের জন্য ভূ-তত্ত্ব, মৃত্তিকা, পানি ও পরিবেশ, দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা, মৎস্যবিজ্ঞান বিষয়ে সনদপ্রাপ্ত উল্লিখিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীগণও আবেদন করতে পারবেন।** উচ্চতর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে উল্লিখিত যোগ্যতা শিথিল করা যেতে পারে।

শর্তাবলী

(ক)	আবেদনকারীকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম Website : www.barisaluniv.edu.bd, www.barisaluniv.ac.bd থেকে ডাউনলোড করে অথবা বরিশাল বিশ্ববিদ্যালয়, কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল, কিংবা বরিশাল বিশ্ববিদ্যালয়-এর ঢাকাস্থ লিয়াজোঁ অফিস ১৬/১, লেক সার্কাস (৩য় তলা), কলা বাগান (স্কয়ার হাসপাতালের বিপরীতে, কনকর্ড টাওয়ারের নিচের রাস্তা দিয়ে সামনে), ঢাকা ১২০৫ থেকে ফরম প্রতি ৫০/-(পঞ্চাশ) টাকা নগদ প্রদানপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্রসহ সহকারী অধ্যাপক এবং প্রভাষক পদের জন্য ০৮(আট) সেট রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল-৮২০০ বরাবর জমা দিতে হবে। আবেদনের সময়সীমা ২৩/১০/২০১৬ তারিখ।
(খ)	প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রের ছায়ালিপি সংযুক্ত করতে হবে- (১) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/ সাময়িক সনদপত্র ও নম্বরপত্র-এর ছায়ালিপি, (২) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি ছবি ও প্রতি সেটের সাথে এক কপি রঙিন ছবি, (৩) জন্ম সনদপত্র/ জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি।
(গ)	চাকুরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।
(ঘ)	আবেদনকালে প্রার্থীর আবেদনপত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার যে বর্ণনা দেয়া হবে চাকুরিতে যোগদানের পর পূর্বে অর্জিত এর অতিরিক্ত কোন যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ গ্রহণযোগ্য হবে না।
(ঙ)	দরখাস্তের সাথে "ট্রেজারার, বরিশাল বিশ্ববিদ্যালয়", সোনালী ব্যাংক, বরিশাল বিশ্ববিদ্যালয় শাখা, বরিশাল এর অনুকূলে রাষ্ট্রায়ত্ব ব্যাংকের যে কোন শাখা থেকে গ্রেড ৬ এর জন্য ১৫০০/- টাকা, গ্রেড ৯ এর জন্য ১২০০/- টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) অবশ্যই সংযুক্ত করতে হবে।
(চ)	প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদের নাম খামের উপর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
(ছ)	বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।
(জ)	নির্বাচিত প্রার্থীদেরকে পুলিশ ভেরিফিকেশন ও মেডিক্যাল টেস্ট সম্পন্ন করে যোগদান করতে হবে।

স্বা-

(মো. মনিরুল ইসলাম)
রেজিস্ট্রার